

2 0 1 7

BENGALI

(Major)

Paper : 5.1

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

- (ক) “হায়, জীবন এত ছোট কেনে? এ ভুবনে?”
গানটি বেঁধে নিতাই প্রথম কাকে শুনিয়েছিল?
- (খ) বসন্তের ‘কালো-মাণিক’ কে?
- (গ) স্টেশনে চায়ের স্টলের ভেঙার কে?
- (ঘ) “চাঁদ তুমি আকাশে থাক আমি তোমায় দেখব খালি।”
নিতাইয়ের গানটিতে ‘চাঁদ’ বলতে কার কথা বলা
হয়েছে?
- (ঙ) রমেশ ঘোষালের হিন্দুস্থানি চাকরটির নাম কী?
- (চ) ঘোষালবাড়ির গিন্নিমা কে?
- (ছ) “ইহার পূর্বধারে সরকারী প্রকাণ্ড বাঁধ, পশ্চিম ও উত্তর
ধারে উচ্চগ্রাম, শুধু দক্ষিণধারের বাঁধটা ঘোষাল ও
মুখুয্যোদের।” ‘ইহার’ বলতে কোন্ জায়গার কথা বলা
হয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “তুই যা শুনেচিস সব মিথ্যে, যা জেনেচিস সব ভুল। কিন্তু এ অভিযোগের এইখানেই যেন সমাপ্তি হয়।” কে, কাকে একথা বলেছেন?
- (খ) “মায়ের প্রসাদ বলুন আর যাই বলুন, কোন কৈবর্তই আর বামুনবাড়িতে পাত পাতবে না।” কে, কাকে একথা বলেছেন?
- (গ) “রত্নাকর, ধর কবি হলেন, তারপর কি তোমার তিনি ডাকাতি করতেন, না মানুষ মারতেন?” বক্তা কে? কাকে তিনি একথা বলেছেন?
- (ঘ) “ভব কপি, মহাকপি দক্ষানন সলাঙ্গুল।” কে, কাকে এই শ্লোকটি বলে আশীর্বাদ করেছিলেন?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) ‘কবি’ উপন্যাসে বেনেমামার চায়ের দোকানের গুরুত্ব কোথায় তা সংক্ষেপে লেখো।
- (খ) “মেয়েদের সেদিন সমস্তদিন উপবাস।” ‘কবি’ উপন্যাসের কাহিনি অবলম্বনে এই দিনটির একটি বিবরণ প্রস্তুত করো।
- (গ) নিতাই কেন গোসাঁইজির আশ্রয় ছেড়ে স্টেশনে এসে উঠেছিল তা লেখো।
- (ঘ) কাশীয়াত্রার আগে বিশ্বেশ্বরী ও রমেশের মধ্যে যে কথোপকথন হয়েছিল তার বর্ণনা দাও।

- (ঙ) “পৃথিবীতে কোন দুষ্কর্মই ত তোমার বাকী নেই—চুরি, জুয়াচুরি, জাল, ঘরে আগুন দেওয়া সবই হয়ে গেছে, এটাই বা বাকী থাকে কেন?” প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এই মন্তব্যের কারণ বর্ণনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) “কাহিনীতে শরৎচন্দ্র সামাজিক সংস্কার, জাতিভেদ সংস্কার, বৈধব্য সংস্কারের উর্ধ্ব উঠে প্রেমের বিচিত্র জটিল গতিকে ও মানবমনে তার প্রতিক্রিয়াকে অনুধাবন করতে বসে প্রেমরসের সার্থক পরিবেশন করেছেন।” মন্তব্যের আলোকে ‘পল্লীসমাজ’ উপন্যাসের রমা ও রমেশের সম্পর্কটি বিশ্লেষণ করো।

অথবা

“পল্লীসমাজের নীচতার একাধিক চিত্র আঁকা হইয়াছে ‘পল্লীসমাজ’ গ্রন্থে ...।” উপন্যাসের কাহিনি অবলম্বনে এই ধরনের নীচতার কয়েকটি ছবি অঙ্কন করো।

- (খ) “এই খেদ আমার মনে মনে ভালবেসে মিটল না আশ—কুলাল না এ জীবনে।” ‘কবি’ উপন্যাসে এই গানটির তাৎপর্য কোথায় তা নিতাইয়ের জীবনকাহিনি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

অথবা

‘কবি’ উপন্যাসে ঠাকুরঝি চরিত্রটি পর্যালোচনা করো।

(গ) “বসন, ললিতা, নির্মলা, মাসী ও পুরুষশিল্পীরা মিলিয়া যে পরিবার গড়িয়াছে, যে যাযাবর জীবনযাত্রার অনুষ্ঠান করিয়াছে, তাহাতে ক্ষণিকতা ও নির্মম স্বার্থপরতার সহিত কতক পরিমাণে বন্ধনহীনতার আনন্দ ও স্নেহ-মায়া-সমবেদনা মিশ্রিত হইয়াছে।”

‘কবি’ উপন্যাস সম্পর্কে সমালোচকের এই উক্তির সার্থকতা প্রতিপন্ন করে।

অথবা

‘পল্লীসমাজ’ উপন্যাসের নামকরণ কীভাবে সার্থক হয়ে ওঠে তা বিশ্লেষণ করে।
